

সেরা ওয়াটার ম্যানেজমেন্ট সংস্থা হিসাবে পুরস্কৃত এসপিএমএল ইনফ্রা লিমিটেড

নিজস্ব সংবাদদাতা, শিলিগুড়ি : সেরা ওয়াটার ম্যানেজমেন্ট কোম্পানি হিসাবে সম্প্রতি 'সিআইএ ওয়ার্ল্ড বিল্ডার্স অ্যান্ড ইনফ্রা অ্যাওয়ার্ড ২০১৭' পুরস্কার পেলে এসপিএমএল ইনফ্রা লিমিটেড। বাব্রা ইস্ট-এর বিধায়ক ক্রপ্তি প্রকাশ সাওয়ান্ত সংস্থার হাতে এই পুরস্কার তুলে দেন। দেশের অন্যতম সেরা ওয়াটার ম্যানেজমেন্ট সংস্থা হিসাবে জল, বিদ্যুৎ, নিকাশি, বর্জ্য প্রক্রিয়াকরণের মতো নানা ক্ষেত্রে সংস্থা উল্লেখযোগ্য পরিষেবা দেওয়ার সুবাদে এসপিএমএল ইনফ্রা লিমিটেড এই পুরস্কার পেলে। প্রসঙ্গত, তিন দশকেরও বেশি সময় ধরে সারা দেশজুড়ে এই সংস্থা ৬০০ টিরও বেশি গুরুত্বপূর্ণ প্রকল্পের কাজ করেছে। গ্লোবাল ওয়াটার ইন্টেলিজেন্সের হিসাবে

পৃথিবীর সেরা ৪০ টি বেসরকারি ওয়াটার কোম্পানির মধ্যে এই সংস্থা নিজের জায়গা করে নিয়েছে।

